

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপদেষ্টা দপ্তর

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সাফজয়ী নারী ফুটবল দলকে এক কোটি টাকা পুরস্কার প্রদান

আজ (বৃহস্পতিবার) বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সম্মেলন কক্ষে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের পক্ষ থেকে সাফজয়ী নারী ফুটবল দলের অভূতপূর্ব বিজয়ের জন্য পুরস্কার হিসেবে এক কোটি টাকা প্রদান করা হয়েছে।

এ সময় যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সাফজয়ী নারী ফুটবল দলকে অভিনন্দন জানিয়ে বলেন, এ সাফল্য বিশ্ব ফুটবলে বাংলাদেশ নারী দলের অবস্থান আরো সুসংহত করেছে। নিরলস অনুশীলন ও পরিশ্রমের মাধ্যমে ফুটবল অজ্ঞানে অর্জিত ভাল ফলাফলের এ ধারা আগামীতেও অব্যাহত থাকবে এবং জাতির গৌরব বৃদ্ধিতে সকলে সম্মিলিতভাবে অবদান রাখবে বলে দৃঢ় আশাবাদ ব্যক্ত করছি।

উপদেষ্টা বলেন,...

উপদেষ্টা আরো বলেন,...

উল্লেখ্য, সাফ নারী চ্যাম্পিয়নশিপ ২০২৪ এ টানা দ্বিতীয় শিরোপা ঘরে তুললো বাংলাদেশ। নেপালের কাঠমান্ডুতে ৭ দলের অংশগ্রহণে বাংলাদেশের অবস্থান ছিলো গ্রুপ 'এ' তে। এই গ্রুপের বাকি দুই দল ছিল ভারত ও পাকিস্তান। গ্রুপ পর্বের প্রথম ম্যাচে পাকিস্তানের বিপক্ষে ৬ দিয়ে টুর্নামেন্ট শুরু এবং দ্বিতীয় ম্যাচে ভারতের বিপক্ষে ৩-১ গোলের ব্যবধানে জয়লাভ করে গ্রুপ সেরা হয়ে সেমি-ফাইনাল নিশ্চিত করে বাংলাদেশ। পরবর্তীতে সেমি-ফাইনালে ভূটানকে ৭-১ গোলের বিশাল ব্যবধানে পরাজিত করে টুর্নামেন্টের ফাইনালে উঠে বাংলাদেশ। কাঠমান্ডুর দশরথ রঞ্জাশালা স্টেডিয়ামের ফাইনাল ম্যাচে স্বাগতিক শক্তিশালি দল নেপালকে ২-১ গোলের ব্যবধানে পরাজিত করে টানা দ্বিতীয় শিরোপা নিশ্চিত করে সাফ চ্যাম্পিয়ন হয় বাংলাদেশ নারী ফুটবল দল।

এ সময় অন্যান্যদের মধ্যে আরো উপস্থিত ছিলেন, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সচিব মো: রেজাউল মাকসুদ জাহেদী...

স্বাক্ষরিত/-

মো: নূর আলম

জনসংযোগ কর্মকর্তা

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

মোবাইল - ০১৭৪৪২৫৯৮৪৩

